

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ অক্টোবর'২০২৩খ্রি.

### দূর্গোৎসব উপলক্ষে সিটি মেয়রের বাণী

সনাতন ধর্মীয় সম্প্রদায়ের সর্ববৃহৎ শারদীয় দূর্গোৎসব উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী হিন্দু সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেন-সনাতন ধর্মাবলম্বীরা শান্তি, সংহতি ও সম্প্রীতি প্রতিষ্ঠার জন্য এবং দুষ্টির দমন আর শিষ্টের পালনে ব্রতী হন।

এক শুভেচ্ছা বাণীতে মেয়র এই উৎসবে সকল ভেদাভেদ ভুলে স্বাধীনভাবে ধর্মকর্ম সম্পাদন, সম্প্রীতির মিলনে আবদ্ধ থেকে মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনের আহ্বান জানান। তিনি বাণীতে আরো বলেন- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের যে অসাম্প্রদায়িকতার চেতনা শিক্ষা দিয়েছেন, সে শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে ঐক্যবদ্ধভাবে অসাম্প্রদায়িকতা ও উন্নয়নের অগ্রযাত্রার জন্য কাজ করতে হবে।

চট্টগ্রাম হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল পাদপীঠ। এই ঐতিহ্যের ধারাবাহিকতা রক্ষায় সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন মেয়র।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮